

# আমাদের অর্থনীতি

15 March 2014, Page- 1st

## মাহাথির ঢাকা আসছেন আজ



ডেস্ক রিপোর্ট :  
আধুনিক  
মালয়েশিয়ার  
রূপকার ও  
সাবেক  
প্রধানমন্ত্রী তুন  
ড. মাহাথির  
বিন মোহাম্মদ  
(মাহাথির

মোহাম্মদ) দুদিনের সফরে আজ ঢাকা  
আসছেন। ইউনিভার্সিটি অব  
ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড  
সায়েন্সেস (ইউআইডিএস)-এর দ্বিতীয়  
সমাবর্তনে অংশ নিতেই তার এবারের  
সফর। এরপর পৃষ্ঠা ২, কলাম ১

## মাহাথির ঢাকা আসছেন

(প্রথম পৃষ্ঠার পর) পররাষ্ট্র দপ্তর সূত্র জানিয়েছে, একটি ভাড়া বিমানে করে সকাল ১০টায় তিনি ঢাকায় হযরত শাহ জালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছবেন। বিকালে সমাবর্তন বক্তা হিসাবে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র গুরুত্বপূর্ণ ভাষণ দেবেন। ওই সমাবর্তনে প্রেসিডেন্ট ও ইউনিভার্সিটির চ্যান্সেলর আবদুল হামিদ সভাপতিত্ব করবেন। বিকালে মাহাথির দেশি-বিদেশি গণমাধ্যমের সঙ্গে মতবিনিময়ও করবেন। সন্ধ্যায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করতে গণভবনে যাবেন। রোববার সকালেই কুয়ালালামপুরের পথে তার রওনা হওয়ার কথা রয়েছে।